

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ(স্রেডা)  
বিদ্যুৎ বিভাগ  
আইইবি ভবন (১১ তলা), রমনা, ঢাকা  
[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)

নং: ২৭.০২.০০০০.০২২.১৮.০০২.২২-৭৮

তারিখ: ০৯ মার্চ ২০২৬ খ্রিঃ

**জ্বালানি ব্যবস্থাপক (৫ম স্ট্রীম) নির্বাচনে প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অংশগ্রহণের বিজ্ঞপ্তি**

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এবং জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা, ২০২৩ অনুযায়ী দেশের বিদ্যুৎ ও জ্বালানির বৃহৎ ব্যবহারকারী শিল্প-কলকারখানা ও বাণিজ্যিক স্থাপনায় জ্বালানির দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে নিয়মিত তদারকি/জ্বালানি ব্যবস্থাপনার জন্য যথাযথ যোগ্যতাসম্পন্ন জ্বালানি ব্যবস্থাপক (Energy Manager) তৈরি করা স্রেডার একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। এপ্রেক্ষিতে, স্রেডা ৩ (তিন) দিন ব্যাপী প্রশিক্ষণ এবং ১ (এক) দিন প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে আবেদন আহবান করা হচ্ছে।

২। জ্বালানি ব্যবস্থাপক সনদ প্রদানের লক্ষ্যে স্রেডা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত যেকোনো যোগ্যতাসম্পন্ন ব্যক্তি আবেদন করতে পারবেন:

- (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;  
(খ) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অন্যান্য ২ (দুই) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভৌত বা ফলিত বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি; অথবা  
(গ) বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অন্যান্য ৪ (চার) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা।

৩। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে জ্বালানি ব্যবস্থাপক সনদ প্রদান করা হবে। উল্লেখ্য, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অনুত্তীর্ণ হলে, সেক্ষেত্রে নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে, পরবর্তী নিয়মিত ৩ (তিন) টি মূল্যায়ন পরীক্ষার মধ্যে সর্বোচ্চ ২ (দুই) বার উক্ত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবেন।

৪। আগ্রহী প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের লিংক:

<https://forms.gle/9ATHMUaRLn89jiQVA>

৫। প্রার্থীদেরকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ “SREDA Fund, Sonali Bank PLC, Supreme Court Branch” উল্লেখপূর্বক সোনালী ব্যাংক এর যেকোনো শাখা থেকে প্রশিক্ষণ ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মূলকপি টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), আইইবি ভবন (১১ তলা), রমনা, ঢাকা-বরাবর পৌঁছাতে হবে। খামের উপর অবশ্যই আবেদনকারীর নাম, পিতার নাম, জাতীয় পরিচয়পত্রের নম্বর, মোবাইল নম্বর ও আবেদনকৃত প্রশিক্ষণের নাম উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তির ধারা ২-এ বর্ণিত যোগ্যতা ব্যতীত অন্য কোনো যোগ্যতাসম্পন্ন ব্যক্তি আবেদন করলে তাঁর আবেদন গ্রহণযোগ্য হবে না; এবং এ ক্ষেত্রে প্রশিক্ষণ ফি বাবদ জমাকৃত অর্থ কোনো অবস্থাতেই ফেরত প্রদান করা হবে না।

৬। জ্বালানি ব্যবস্থাপক প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় অনুত্তীর্ণ প্রার্থীদেরকে অনলাইনে নতুন করে আবেদন করতে হবে না। তবে ক্রমিক ৫ এ বর্ণিত নিয়মে পুনঃ আবেদন ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) পাঠাতে হবে। খামের উপর অবশ্যই আবেদনকারীর নাম, পিতার নাম, জাতীয় পরিচয়পত্রের নম্বর, মোবাইল নম্বর ও আবেদনকৃত প্রশিক্ষণের নাম এবং পূর্বে অংশগ্রহণকৃত সকল মূল্যায়ন পরীক্ষার রোল নম্বর উল্লেখ করতে হবে।

৭। প্রশিক্ষণসূচিসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে অথবা ই-মেইলের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের জানিয়ে দেয়া হবে।

৮। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই বিজ্ঞাপন বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে। প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। অনলাইনে আবেদন ও প্রশিক্ষণ ফি পাঠানোর শেষ তারিখ ৩০ এপ্রিল ২০২৬ খ্রিঃ।

স্বা/-

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)

সহকারী পরিচালক (জ্বালানি নিরীক্ষা ও এক্রিডিটেশন)